



গ্যাস ট্রান্সমিশন কোম্পানি লিমিটেড (জিটিসিএল)  
প্লট নম্বরঃ এফ-১৮/এ, শের-ই-বাংলা নগর প্রশাসনিক এলাকা  
আগারগাঁও, ঢাকা-১২০৭।

“জ্বালানী নিরাপত্তা  
সর্বোচ্চ অগ্রাধিকার”

গ্যাস জাতীয় সম্পদ, এর অপচয় রোধ  
করে জাতীয় দায়িত্ব পালন করুন

প্যানেল আইনজীবী তালিকাভুক্তি বিজ্ঞপ্তি

গ্যাস ট্রান্সমিশন কোম্পানি লিমিটেড (জিটিসিএল)-এ নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে, প্যানেল আইনজীবী তালিকাভুক্তির লক্ষ্যে অভিজ্ঞতাসম্পন্ন আইনজীবীগণের নিকট থেকে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

**কার্যপরিধিঃ**

- ক। জিটিসিএল কর্তৃক প্রেরিত নথিপত্র/রেকর্ডপত্র পরীক্ষা-নিরীক্ষাপূর্বক লিখিত আইনগত মতামত প্রদান, দলিলাদি ভেটিংসহ যে কোন আইন সংক্রান্ত অন্যান্য কাজ সম্পাদন।
- খ। মহামান্য সুপ্রীম কোর্টের হাইকোর্ট বিভাগ ও অ্যাপিলেট বিভাগ এবং নিম্ন আদালতসহ প্রয়োজন মোতাবেক বাংলাদেশের যে কোন আদালত/ট্রাইব্যুনালে জিটিসিএল-এর মামলাসমূহ পরিচালনা করা।
- গ। লিগ্যাল নোটিশ অথবা লিগ্যাল নোটিশের জবাব প্রণয়ন ও প্রদান।

**শর্তাবলীঃ**

- ১। আবেদনকারী আইনজীবীকে উচ্চ/নিম্ন আদালতে নিজ দায়িত্বে মামলা পরিচালনা এবং মতামত প্রদানে ন্যূনতম ১০ (দশ) বছরের পেশাগত অভিজ্ঞতা থাকতে হবে।
- ২। এলএলবি অনার্সসহ এলএলএম ও বার-এট-ল ডিগ্রিধারী প্রার্থীদের অগ্রাধিকার প্রদান করা হবে।
- ৩। আবেদনের সাথে আবেদনকারী আইনজীবীকে বিগত ৫ (পাঁচ) বছর মামলা পরিচালনার ক্ষেত্রে দক্ষতা ও অভিজ্ঞতার বিবরণসহ সংশ্লিষ্ট ক্ষেত্রে রেফারেন্স উল্লেখপূর্বক তার সপক্ষে সাপোর্টিং ডকুমেন্ট সরবরাহ করতে হবে।
- ৪। আবেদনকারী আইনজীবীকে প্রশাসনিক ট্রাইব্যুনাল/সার্ভিস মেটার, শ্রম আইন, কোম্পানি আইন, সালিশি আইন, বাণিজ্যিক আইন, চুক্তি আইন, অয়েল এন্ড গ্যাস আইন, সরকারি/কর্পোরেশনের সার্ভিস রুলস, ভূমি আইন, সরকারি পাওনা আদায় আইন প্রভৃতি দেওয়ানি ও ফৌজদারি বিষয়ে এককভাবে মতামত প্রদান ও মামলা পরিচালনায় অভিজ্ঞতা থাকতে হবে।
- ৫। শারীরিকভাবে সক্ষম এবং কর্তৃপক্ষের প্রয়োজনে ও নির্দেশনা অনুযায়ী আইনগত কার্যক্রম গ্রহণ/পরিদর্শনের জন্য ঢাকার বাইরে মামলা পরিচালনার জন্য প্রস্তুত থাকতে হবে।
- ৬। আগ্রহী প্রার্থীদের নিজস্ব প্যাডে লিখিত আবেদনপত্রে নিম্নবর্ণিত তথ্যাদি উল্লেখ করতে হবে:

(ক) পিতা/স্বামীর নাম; (খ) মাতার নাম; (গ) নিজ নাম; (ঘ) বর্তমান ঠিকানা (মোবাইল নম্বরসহ); (ঙ) চেম্বারের ঠিকানা; (চ) জন্ম তারিখ; (ছ) স্থায়ী ঠিকানা; (জ) এনআইডি; (ঝ) টিআইএন নম্বর (সর্বশেষ অর্থবছরের আয়কর রিটার্ন দাখিলের প্রত্যয়নপত্রসহ) (ঞ) শিক্ষাগত যোগ্যতা; এবং (ট) অভিজ্ঞতা।

৭। আবেদনপত্রের সঙ্গে নিম্নবর্ণিত কাগজপত্র সংযুক্ত করতে হবে:

(ক) সম্প্রতি তোলা ০৩(তিন) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত রঙিন ছবি; (খ) শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা সংক্রান্ত সকল সনদপত্রের সত্যায়িত কপি; (গ) বার কাউন্সিলের এনরোলমেন্ট সনদপত্রের সত্যায়িত কপি; (ঘ) সদস্য সার্টিফিকেট (হাইকোর্ট বিভাগ ও অ্যাপিলেট বিভাগ); এবং (ঙ) জাতীয় পরিচয়পত্রের কপি।

৮। প্যানেল আইনজীবী হিসেবে নিয়োগের পর বিভিন্ন আদালতে মামলা পরিচালনা/আইনি মতামত প্রদান/আইনি সহায়তা গ্রহণের বিপরীতে আইনজীবীকে জিটিসিএল-এর বিদ্যমান সিডিউল অফ ফিস অনুযায়ী প্রাপ্য বিল পরিশোধ করা হবে। উক্ত সিডিউল অব ফিস জিটিসিএল-এর ল এন্ড শেয়ার ডিপার্টমেন্ট হতে সংগ্রহ করা যাবে।

৯। প্যানেল আইনজীবী হিসেবে নিয়োগপ্রাপ্ত হয়ে অন্য কোন প্রতিষ্ঠান বা ব্যক্তির আইনজীবী হিসেবে জিটিসিএল-এর স্বার্থবিরোধী কোন মামলায় প্রতিদ্বন্দ্বিতা করা যাবে না।

১০। এ নিয়োগের মেয়াদ ০৩ (তিন) বছর এবং উভয় পক্ষের সম্মতি সাপেক্ষে পরবর্তীতে তা নবায়ন করা যাবে। তবে, অব্যাহতি/ পদত্যাগের ক্ষেত্রে যে কোন পক্ষের ৩০ (ত্রিশ) দিনের নোটিশ প্রদানপূর্বক তা কার্যকর হবে।


১১। ত্রুটিপূর্ণ, অসম্পূর্ণ বা নির্ধারিত সময়ের পরে প্রাপ্ত আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।

১২। কোন কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষ যে কোন আবেদন অথবা সকল আবেদনপত্র গ্রহণ বা বাতিল করার অধিকার সংরক্ষণ করে। প্যানেল আইনজীবী নিয়োগের বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

১৩। আবেদনকারী আইনজীবীগণ অন্য প্রতিষ্ঠানে প্যানেল আইনজীবী হিসেবে নিযুক্ত থাকলে প্রতিষ্ঠানের নাম ও ঠিকানাসহ বিস্তারিত বিবরণ উল্লেখ করতে হবে।

১৪। আবেদনপত্র আগামী ৩১-০৮-২০২৫ খ্রি. তারিখ বিকাল ৫:০০ ঘটিকার মধ্যে ব্যবস্থাপনা পরিচালক, গ্যাস ট্রান্সমিশন কোম্পানি লিমিটেড (জিটিসিএল), প্লট নম্বরঃ এফ-১৮/এ, শের-ই-বাংলা নগর প্রশাসনিক এলাকা, আগারগাঁও, ঢাকা-১২০৭ বরাবর অবশ্যই পৌছাতে হবে। এ নিয়োগ বিজ্ঞপ্তি জিটিসিএল-এর ওয়েবসাইটেও ([www.gtcl.gov.bd](http://www.gtcl.gov.bd)) পাওয়া যাবে।

GTFR-04/25-26.

  
কোম্পানি সচিব  
জিটিসিএল।